



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে
সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

শ্রেণি-ষষ্ঠ

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ১

প্রথম অধ্যায়

▶▶ স্বাভাবিক সংখ্যা ও ভগ্নাংশ ▶ NATURAL NUMBERS & FRACTIONS

শিক্ষার্থীরা যা জানবে-

- স্বাভাবিক সংখ্যার অঙ্কপাতন
- দেশীয় ও আন্তর্জাতিক রীতিতে অঙ্কপাতন
- মৌলিক সংখ্যা, যৌগিক সংখ্যা ও সহমৌলিক সংখ্যা চিহ্নিতকরণ
- বিভাজ্যতা
- ২, ৩, ৪, ৫, ৯ দ্বারা বিভাজ্যতা যাচাই
- সাধারণ ভগ্নাংশ ও দশমিক ভগ্নাংশের গ.সা.গু. ও ল.সা.গু. নির্ণয়
- সাধারণ ভগ্নাংশ ও দশমিক ভগ্নাংশের সরলীকরণ করে গাণিতিক সমস্যার সমাধান

অধ্যায় সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

■ অনুশীলনী ১.১ এর গুরুত্বপূর্ণ তথ্যাবলি ▼▼▼

- অঙ্কপাতন : পাটিগণিতে দশটি প্রতীক দ্বারা সব সংখ্যাই প্রকাশ করা যায়। এ প্রতীকগুলো হলো :

১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০

এদের মধ্যে প্রথম নয়টি প্রতীককে সার্থক অঙ্ক এবং শেষেরটিকে শূন্য (সংখ্যার অভাবজ্ঞাপক অঙ্ক) বলা হয়। উপরে উল্লিখিত সংখ্যাগুলোর স্বকীয় বা প্রকৃত মান যথাক্রমে এক, দুই, তিন, চার, পাঁচ, ছয়, সাত, আট, নয় ও শূন্য।

৯ অপেক্ষা বড় সব সংখ্যাই দুই বা ততোধিক অঙ্ক পাশাপাশি বসিয়ে লেখা যায়। কোনো সংখ্যা অঙ্ক দ্বারা লেখাকে অঙ্ক পাতন বলে।

অঙ্কপাতনে দশটি প্রতীকই ব্যবহার করা হয়। দশ-ভিত্তিক সংখ্যা প্রকাশের রীতিকে দশমিক বা দশ-গুণান্তর রীতি বলা হয়।

- স্বকীয় মান : কোনো সংখ্যায় ব্যবহৃত অঙ্কগুলোর মান তার অবস্থানের ওপর নির্ভর করে। কোনো সার্থক অঙ্ক আলাদাভাবে লিখলে যে সংখ্যা প্রকাশ করে তা অঙ্কের স্বকীয় মান। যেমন, ৫৫ এর সর্বডানে ৫ এর স্বকীয় মান ৫ এবং দ্বিতীয় ৫ এর স্বকীয় মান ৫।

- স্থানীয় মান : কয়েকটি অঙ্ক পাশাপাশি লিখলে কোনো সার্থক অঙ্ক তার অবস্থানের জন্য যে সংখ্যা প্রকাশ করে, তাকে ঐ অঙ্কের স্থানীয় মান বলে। যেমন, ৯৯৯ সংখ্যাটির সর্বডানে ৯ এর স্থানীয় মান ৯, ডানদিক থেকে দ্বিতীয় ও তৃতীয় স্থানে ৯ এর স্থানীয় মান যথাক্রমে ৯০ ও ৯০০।

তাহলে দেখা যাচ্ছে, একই অঙ্কের স্থান পরিবর্তনের ফলে স্থানীয় মানের পরিবর্তন হয়। কিন্তু স্বকীয় মান একই থাকে।

অর্থাৎ $৯৯৯ = ১০০ \times ৯ + ১০ \times ৯ + ৯$

- দেশীয় সংখ্যাপঠন রীতি : পাশাপাশি লিখিত অঙ্কগুলো দ্বারা গঠিত সংখ্যার ডানদিক থেকে প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থান (ঘর) যথাক্রমে একক, দশক এবং শতক প্রকাশ করে। চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম স্থানকে যথাক্রমে হাজার, অযুত, লব, নিযুত, কোটি বলা হয়।

	লব		হাজার				
কোটি	নিযুত	লব	অযুত	হাজার	শতক	দশক	একক
অষ্টম	সপ্তম	ষষ্ঠ	পঞ্চম	চতুর্থ	তৃতীয়	দ্বিতীয়	প্রথম

এককের ঘরের অঙ্কগুলো কথায় লেখা বা পড়া হয় এক, দুই, তিন, চার ইত্যাদি। কিন্তু দুই অঙ্কের সংখ্যা ২৫, ৩৮, ৭১ কে যথাক্রমে দুই দশক পাঁচ, তিন দশক আট, সাত দশক এক পড়া হয় না। এদের বিশেষ বিশেষ নাম আছে। যেমন, পঁচিশ, আটত্রিশ, একাত্তর।

১০ থেকে ৯৯ পর্যন্ত দুই অঙ্কের সংখ্যাগুলোকে তাদের বিশেষ নামেই পড়া হয়। শতকের ঘরের ১, ২, ৩ ইত্যাদি অঙ্কগুলোকে যথাক্রমে একশ, দুইশ, তিনশ ইত্যাদি পড়া হয়।

চার বা ততোধিক অঙ্ক লিখিত সংখ্যা শূন্যভাবে পড়ার জন্য কমা (,) ব্যবহার করা হয়। যেকোনো সংখ্যার ডানদিক থেকে তিন অঙ্ক পরে একটি কমা এবং এরপর দুই অঙ্ক পর পর কমা ব্যবহার করতে হয়।

■ অনুশীলনী ১.২ এর গুরুত্বপূর্ণ তথ্যাবলি ▼▼▼

- বিভাজ্যতা সম্পর্কিত একটি সাধারণ নিয়ম : কয়েকটি সংখ্যা আলাদাভাবে কোনো নির্দিষ্ট সংখ্যা দ্বারা বিভাজ্য হলে, তাদের যোগফল ঐ নির্দিষ্ট সংখ্যা দ্বারা বিভাজ্য হবে।

☑ মৌলিক সংখ্যা : ১ হতে বৃহত্তর যে সকল সংখ্যার ১ ও ঐ সংখ্যা ছাড়া অপর কোনো গুণনীয়ক থাকে না, তাদের মৌলিক সংখ্যা বলা হয়। যেমন, ২, ৩, ৫, ৭ সংখ্যাগুলোর ১ ও ঐ সংখ্যা ছাড়া আর কোনো গুণনীয়ক নাই। অতএব এগুলো মৌলিক সংখ্যা।

☑ যৌগিক সংখ্যা : যেসব সংখ্যার ১ ও ঐ সংখ্যা ছাড়াও অন্য গুণনীয়ক থাকে, তাদের যৌগিক সংখ্যা বলা হয়। যেমন, ৯, ১২, ১৪, ২৭ সংখ্যাগুলোর একটি গুণনীয়ক যথাক্রমে ৩, ৩, ২, ৩। অর্থাৎ এ সংখ্যাগুলোর ১ ও ঐ সংখ্যা ছাড়া আরও গুণনীয়ক আছে।

☑ সহমৌলিক সংখ্যা : দুই বা ততোধিক সংখ্যার সাধারণ গুণনীয়ক (উৎপাদক) কেবলমাত্র ১ হলে, ঐ সংখ্যাগুলো পরস্পর সহমৌলিক। যেমন, $১৪ = ২ \times ৭$, $১৫ = ৩ \times ৫$, $১২১ = ১১ \times ১১$ এখানে, ১৪, ১৫ ও ১২১ এর মধ্যে ১ ছাড়া সাধারণ গুণনীয়ক নাই। অতএব, এরা সহমৌলিক সংখ্যা।

■ অনুশীলনী ১.৩ এর গুরুত্বপূর্ণ তথ্যাবলি ▼▼▼

- গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক (গ.সা.গু.) : প্রদত্ত সংখ্যাগুলোর কয়েকটি সাধারণ গুণনীয়ক থাকলে, তার মধ্যে সবচেয়ে বড় গুণনীয়কটিকে প্রদত্ত সংখ্যাগুলোর গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক বলে। গরিষ্ঠ সাধারণ গুণনীয়ককে সংক্ষেপে গ. সা. গু. লেখা হয়।

সাধারণভাবে, প্রদত্ত সংখ্যাগুলোর গ.সা.গু. হচ্ছে সাধারণ মৌলিক গুণনীয়কগুলোর ধারাবাহিক গুণফল।

- মৌলিক গুণনীয়কের সাহায্যে গ.সা.গু. নির্ণয় : প্রদত্ত সংখ্যাগুলোর মৌলিক সাধারণ গুণনীয়ক বের করে গ.সা.গু. নির্ণয় করা হয়।

প্রদত্ত সংখ্যাগুলো সহমৌলিক হলে, তাদের গ.সা.গু. ১।



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ২

শ্রেণি-ষষ্ঠ

- ভাগ প্রক্রিয়ায় গ.সা.গু. নির্ণয় : বড় বড় সংখ্যার বেত্রে মৌলিক গুণনীয়কের সাহায্যে গ. সা. গু. নির্ণয় করা অনেক সময় কঠিন হয়। তখন ভাগ প্রক্রিয়ায় গ. সা. গু. নির্ণয় করা হয়।
- ভাগ প্রক্রিয়ায় দুইটি সংখ্যার গ.সা.গু. নির্ণয় :
 ১. বৃহত্তর সংখ্যাকে ক্ষুদ্রতর সংখ্যা দ্বারা ভাগ করি। অর্থাৎ এখানে বৃহত্তর সংখ্যাটি হলো ভাজ্য এবং ক্ষুদ্রতর সংখ্যাটি হলো ভাজক।
 ২. ভাগ প্রক্রিয়ায় যে ভাগশেষ থাকে তা দ্বারা প্রথম ভাজককে ভাগ করা হয়।
 ৩. এখন যে ভাগশেষ থাকবে তা দ্বারা প্রথম ভাগশেষ অর্থাৎ দ্বিতীয় ভাজককে আবার ভাগ করতে হয়।
 ৪. এভাবে ভাগ করতে করতে যে পর্যায়ে ভাগশেষ শূন্য হয় ঐ পর্যায়ের ভাজকটি অর্থাৎ শেষ ভাজকটি প্রদত্ত সংখ্যাদ্বয়ের গ. সা. গু.।
- লঘিষ্ঠ সাধারণ গুণিতক (ল.সা.গু.) : দুই বা ততোধিক সংখ্যার ক্ষুদ্রতম সাধারণ গুণিতককে তাদের লঘিষ্ঠ সাধারণ গুণিতক বা সংক্ষেপে ল. সা. গু. বলে।
মৌলিক গুণনীয়ক (উৎপাদক) এর সাহায্যে ল. সা. গু. নির্ণয় :
এ পদ্ধতিতে প্রদত্ত সংখ্যাগুলোর মৌলিক গুণনীয়কগুলোর সর্বাধিক সংখ্যক নিয়ে ধারাবাহিক গুণফল বের করলে ল. সা. গু. পাওয়া যাবে। যেমন : ১২, ২৪ ও ৪৮ এর ল. সা. গু.।

$$12 = 2 \times 2 \times 3$$

$$24 = 2 \times 2 \times 2 \times 3$$

$$48 = 2 \times 2 \times 2 \times 2 \times 3$$

$$\text{নির্ণেয় ল.সা.গু.} = 2 \times 2 \times 2 \times 2 \times 3 = 48$$

■ অনুশীলনী ১.৪ এর গুরুত্বপূর্ণ তথ্যাবলি ▼▼↓

- প্রকৃত ভগ্নাংশ : যে ভগ্নাংশের লব হরের চেয়ে ছোট তাকে প্রকৃত ভগ্নাংশ বলে।
যেমন, $\frac{2}{5}$, $\frac{3}{4}$ ইত্যাদি।
- অপ্রকৃত ভগ্নাংশ : যে ভগ্নাংশের লব হরের চেয়ে বড় তাকে অপ্রকৃত ভগ্নাংশ বলে। যেমন, $\frac{5}{4}$, $\frac{6}{3}$ ইত্যাদি।
- সমতুল ভগ্নাংশ : কোনো ভগ্নাংশের লব ও হরকে শূন্য ছাড়া একই সংখ্যা দিয়ে গুণ বা ভাগ করলে প্রদত্ত ভগ্নাংশের সমতুল ভগ্নাংশ পাওয়া যায়। যেমন : $\frac{6}{9} = \frac{15}{25}$
- ভগ্নাংশের তুলনা :
 - হর একই হলে যে ভগ্নাংশের লব বড় সেই ভগ্নাংশটি বড়।
 - লব একই হলে যে ভগ্নাংশের হর ছোট সেই ভগ্নাংশটি বড়।
- মিশ্র ভগ্নাংশ : মিশ্র ভগ্নাংশে পূর্ণ অংশ ও প্রকৃত ভগ্নাংশ থাকে।
 - মিশ্র ভগ্নাংশকে সাধারণ ভগ্নাংশে রূ. পান্তর :

$$\text{মিশ্র ভগ্নাংশ} = \frac{\text{পূর্ণসংখ্যা} \times \text{হর} + \text{লব}}{\text{হর}}$$

■ ভগ্নাংশের যোগ ও বিয়োগ :

- সমহর বিশিষ্ট কয়েকটি ভগ্নাংশের যোগফল একটি ভগ্নাংশ যার হর প্রদত্ত ভগ্নাংশের হর এবং যার লব প্রদত্ত ভগ্নাংশের লবগুলোর যোগফল।
- সমহর বিশিষ্ট ভগ্নাংশের বিয়োগফল একটি ভগ্নাংশ যার হর প্রদত্ত ভগ্নাংশের হর এবং যার লব প্রদত্ত ভগ্নাংশের লবগুলোর বিয়োগফল।

■ অনুশীলনী ১.৫ এর গুরুত্বপূর্ণ তথ্যাবলি ▼▼↓

■ ভগ্নাংশকে পূর্ণসংখ্যা দিয়ে গুণ :

$$\text{ভগ্নাংশ} \times \text{পূর্ণসংখ্যা} = \frac{\text{ভগ্নাংশের লব} \times \text{পূর্ণসংখ্যা}}{\text{ভগ্নাংশের হর}}$$

■ ভগ্নাংশকে ভগ্নাংশ দিয়ে গুণ :

$$\text{দুইটি ভগ্নাংশের গুণফল} = \frac{\text{ভগ্নাংশদ্বয়ের লবের গুণফল}}{\text{ভগ্নাংশদ্বয়ের হরের গুণফল}}$$

- ভগ্নাংশের ভাগ : কোনো ভগ্নাংশকে অপর একটি ভগ্নাংশ দিয়ে ভাগ করতে হলে, প্রথম ভগ্নাংশকে দ্বিতীয়টির বিপরীত ভগ্নাংশ দিয়ে গুণ করতে হয়।
- বিপরীত ভগ্নাংশ : কোনো ভগ্নাংশের লবকে হর ও হরকে লব করলে যে ভগ্নাংশ পাওয়া যায় তাকে প্রথমে ভগ্নাংশের বিপরীত ভগ্নাংশ বলা হয়।
- ‘এর’-এর অর্থ : কোনো গাণিতিক সমস্যা সমাধানে ‘এর’ কে গুণ হিসেবে বিবেচনা করা হয়। কিন্তু কোনো সমস্যায় ‘এর’ এবং \times (গুণ) থাকলে সেবেত্রে ‘এর’ এর কাজ আগে করতে হয়।
- ভগ্নাংশের গুণনীয়ক ও গুণিতক :
একটি ভগ্নাংশ অপর একটি ভগ্নাংশ দ্বারা নিঃশেষে বিভাজ্য হলে, এবেত্রে প্রথম ভগ্নাংশটিকে দ্বিতীয় ভগ্নাংশের গুণিতক এবং দ্বিতীয় ভগ্নাংশটিকে প্রথম ভগ্নাংশের গুণনীয়ক বলে।
- সরলীকরণের কাজগুলো মনে রাখার জন্য :
‘BODMAS’ শব্দটি মনে রাখলে সরলীকরণের বেত্রে বেশ সুবিধা হয়। এখানে, B = Bracket (বন্ধনী), O = Of (এর), D = Division (ভাগ), M = Multiplication (গুণ), A = Addition (যোগ), S = Subtraction (বিয়োগ)। শব্দটিতে অবরণগুলো যে ক্রমে আছে সরলীকরণের কাজগুলো সেই ক্রমে করতে হয়।
আবার বন্ধনীগুলোর মধ্যে ক্রম অনুসারে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বন্ধনীর ভিতরের কাজ করতে হয়।
বন্ধনীর আগে কোনো চিহ্ন না থাকলে সেখানে ‘এর’ আছে ধরে নিতে হবে।

■ অনুশীলনী ১.৬ এর গুরুত্বপূর্ণ তথ্যাবলি ▼▼↓

■ দশমিক ভগ্নাংশের যোগ বিয়োগ :

- প্রদত্ত দশমিক ভগ্নাংশের যোগ বিয়োগ নির্ণয় করার জন্য প্রথমে ভগ্নাংশগুলোকে সমজাতীয় সংখ্যায় পরিণত করতে হয়।
- সমজাতীয় দশমিক ভগ্নাংশে পরিণত করতে দশমিকের পরে প্রয়োজনমতো ০ (শূন্য) ব্যবহার করতে হয়।
- দশমিক ভগ্নাংশের যোগের বেত্রে প্রদত্ত সংখ্যাগুলো এমনভাবে সাজাতে হবে যেন দশমিক বিন্দুগুলো নিচে নিচে পড়ে।
- দশমিক ভগ্নাংশের যোগের মতো প্রদত্ত সংখ্যাগুলোর দশমিক বিন্দুগুলো নিচে নিচে সাজিয়ে বিয়োগ করতে হয়।

■ দশমিক ভগ্নাংশের গুণ :

- সংখ্যাদ্বয় থেকে দশমিক বিন্দু বর্জন করে সাধারণ গুণের মতো গুণ করতে হবে। গুণ্য বা গুণক থেকে দশমিক বিন্দু বর্জন করার পর সর্ববামের শূন্য বাদ দিতে হয়।
- গুণ্য ও গুণকে দশমিক বিন্দুর পর যতটি অঙ্ক থাকে তাদের সমষ্টি নিয়ে গুণফলের ডানদিক তত অঙ্কের বামে দশমিক বিন্দু বসিয়ে গুণফল পাওয়া যায়।
- গুণফলের ডানদিক থেকে দশমিক বিন্দু বসাতে অঙ্ক সংখ্যা কম থাকলে প্রয়োজনে শূন্য বসিয়ে তা পূরণ করতে হবে।

■ দশমিক ভগ্নাংশের ভাগ :

- ভাগের বেত্রে পূর্ণসংখ্যার মতো ভাগ করা হয়।
- পূর্ণসংখ্যার ভাগ শেষ হলেই ভাগফলে দশমিক বিন্দু বসাতে হয়,



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে
সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ৩

শ্রেণি-ষষ্ঠ

কেননা এবেত্রে দশমাংশকে ভাগ করা হয়।

প্রত্যেক ভাগশেষের ডানদিকে প্রয়োজনীয় ০ (শূন্য) বসিয়ে ভাগের কাজ

শেষ করতে হয়।

বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান



■ অনুশীলনী ১.১ এর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন-১ নিচের সংখ্যাগুলো অঙ্কে লেখ :

(ক) বিশ হাজার সত্তর, ত্রিশ হাজার আট, পঞ্চাশ হাজার চারশ।

সমাধান : বিশ হাজার সত্তর

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
			২	০	০	৭	০

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, শতক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : বিশ হাজার সত্তর = ২০,০৭০।

ত্রিশ হাজার আট

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
			৩	০	০	০	৮

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, শতক ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : ত্রিশ হাজার আট = ৩০,০০৮।

পঞ্চাশ হাজার চারশ

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
			৫	৫	৪	০	০

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, দশক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : পঞ্চাশ হাজার চারশ = ৫৫,৪০০।

(খ) চার লক্ষ পঁচ হাজার, সাত লক্ষ দুই হাজার পঁচাত্তর।

সমাধান : চার লক্ষ পঁচ হাজার

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
		৪	০	৫	০	০	০

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, অযুত, শতক, দশক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : চার লক্ষ পঁচ হাজার = ৪,০৫,০০০।

সাত লক্ষ দুই হাজার পঁচাত্তর

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
		৭	০	২	০	৭	৫

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, অযুত ও শতকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : সাত লক্ষ দুই হাজার পঁচাত্তর = ৭,০২,০৭৫।

(গ) ছিয়াত্তর লক্ষ নয় হাজার সত্তর, ত্রিশ লক্ষ নয়শ চার।

সমাধান : ছিয়াত্তর লক্ষ নয় হাজার সত্তর

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
		৭	৬	০	৯	০	৭

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, অযুত, শতক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : ছিয়াত্তর লক্ষ নয় হাজার সত্তর = ৭৬,০৯,০৭০।

ত্রিশ লক্ষ নয়শ চার

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
		৩	০	০	৯	০	৪

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, অযুত, হাজার ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : ত্রিশ লক্ষ নয়শ চার = ৩০,০০,৯০৪।

(ঘ) পাঁচ কোটি তিন লক্ষ দুই হাজার সাত।

সমাধান :

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৫	০	৩	০	২	০	০	৭

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, নিযুত, অযুত, শতক ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : পাঁচ কোটি তিন লক্ষ দুই হাজার সাত = ৫,০৩,০২,০০৭।

(ঙ) আটানব্বই কোটি সাত লক্ষ পঁচ হাজার নয়।

সমাধান :

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৯৮	০	৭	০	৫	০	০	৯

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, নিযুত, অযুত, শতক ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়। যেহেতু কোটির বামে সাধারণত কোনো নাম ব্যবহৃত হয় না, তাই কোটির সম্পূর্ণ মানকে একসাথে কোটির ঘরে বসাই।

উত্তর : আটানব্বই কোটি সাত লক্ষ পঁচ হাজার নয় = ৯৮,০৭,০৫,০০৯।

(চ) একশ দুই কোটি পঁচ হাজার সাতশ আট।

সমাধান :

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
১০২	০	০	০	৫	৭	০	৮

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, নিযুত, লক্ষ, অযুত ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়। যেহেতু কোটির বামে সাধারণত কোনো নাম লেখা হয় না, সেহেতু কোটির সম্পূর্ণ মানকে একত্রে কোটির ঘরে বসাই।

উত্তর : একশ দুই কোটি পঁচ হাজার সাতশ আট = ১০২,০০,০৫,৭০৮।

(ছ) নয়শ পঞ্চাশ কোটি সাত লক্ষ নব্বই।

সমাধান :

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৯৫	০	৭	০	০	০	৯	০



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে
সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

বিষয়: গণিত, লেকচার শিট ▶ 8

শ্রেণি-ষষ্ঠ

কথায় প্রকাশিত সংখ্যাটিকে অঙ্কপাতনের পর দেখা যায় যে, নিযুত, অযুত, হাজার, শতক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়। যেহেতু কোটির বামে সাধারণত কোনো নাম লেখা হয় না, সেহেতু কোটির সম্পূর্ণ মানকে একত্রে কোটির ঘরে বসাই।

উত্তর : নয়শ পঞ্চান্ন কোটি সাত লব নব্বই = ৯৫৫,০৭,০০,০৯০।

(জ) তিন হাজার পাঁচশ কোটি পঁচাশি লক্ষ নয়শ একুশ।

সমাধান :

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৩,৫০০	৮	৫	০	০	৯	২	১

কথায় প্রকাশিত সংখ্যাকে অঙ্কপাতনের পর দেখা যায় যে, অযুত ও হাজারের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়। যেহেতু কোটির বামে সাধারণত কোনো নাম লেখা হয় না, সেহেতু কোটির সম্পূর্ণ মানকে একত্রে কোটির ঘরে বসাই।

উত্তর : তিন হাজার পাঁচশ কোটি পঁচাশি লক্ষ নয়শ একুশ। = ৩,৫০০,৮৫,০০,৯২১।

(ঝ) পঞ্চাশ বিলিয়ন তিনশ এক মিলিয়ন পাঁচশ আটত্রিশ হাজার।

সমাধান :

বিলিয়ন	মিলিয়ন	হাজার	শতক	দশক	একক
৫০	৩০১	৫৩৮	০	০	০

কথায় প্রকাশিত সংখ্যাকে অঙ্কপাতনের পর দেখা যায়- শতক, দশক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়। যেহেতু বিলিয়নের বামে কোনো নাম লেখা হয় না, সেহেতু বিলিয়নের সম্পূর্ণ মানকে একত্রে বিলিয়নের ঘরে বসাই।

উত্তর : পঞ্চাশ বিলিয়ন তিনশ এক মিলিয়ন পাঁচশ আটত্রিশ হাজার = ৫০,৩০১,৫৩৮,০০০।

প্রশ্ন- ২ নিচের সংখ্যাগুলো কথায় লেখ :

(ক) ৪৫৭৮৯; ৪১০০৭; ৮৯১০৭১।

সমাধান : ৪৫৭৮৯

সংখ্যাটির ডানদিক থেকে তিন ঘর পরে কমা (,) বসালে আমরা পাই ৪৫,৭৮৯।

এখন, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৪৫, শতকের ঘরে ৭, দশকের ঘরে ৮ এবং এককের ঘরে ৯ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : পঁয়তাল্লিশ হাজার সাতশ উননব্বই।

(উত্তর)

৪১০০৭

সংখ্যাটির ডানদিক থেকে তিন ঘর পরে কমা (,) বসালে আমরা পাই ৪১,০০৭।

এখন, অযুত এবং হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৪১, শতক ও দশকের ঘরে ০ এবং এককের ঘরে ৭ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : একচল্লিশ হাজার সাত। (উত্তর)

৮৯১০৭১

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,) এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই, ৮,৯১,০৭১।

এখন, লবের ঘরে ৮, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৯১, শতকের ঘরে ০, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ১ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : আট লক্ষ একানব্বই হাজার একাত্তর। (উত্তর)

(খ) ২০০০৭৮; ৭৯০৬৭৮; ৮৯০০৭৫।

সমাধান : ২০০০৭৮

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,) এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই ২,০০,০৭৮।

এখন, লক্ষের ঘরে ২, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ০০, শতকের ঘরে ০, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ৮ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : দুই লক্ষ আটাত্তর। (উত্তর)

৭৯০৬৭৮

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,) এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই ৭,৯০,৬৭৮।

এখন, সংখ্যাটিতে লবের ঘরে ৭, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৯০, শতকের ঘরে ৬, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ৮ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : সাত লক্ষ নব্বই হাজার ছয়শ আটাত্তর। (উত্তর)

৮৯০০৭৫

ডানদিক থেকে তিন ঘর পর কমা (,) এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই ৮,৯০,০৭৫।

এখন, লবের ঘরে ৮, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৯০, শতকের ঘরে ০, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ৫ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : আট লক্ষ নব্বই হাজার পঁচাত্তর। (উত্তর)

(গ) ৪৪০০৭৮৫; ৬৮৭০৫০৯; ৭১০৫০৭০।

সমাধান : ৪৪০০৭৮৫

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,) এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই ৪৪,০০,৭৮৫।

এখন, নিযুত ও লবের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৪৪, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ০০, শতকের ঘরে ৭, দশকের ঘরে ৮ এবং এককের ঘরে ৫ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : চুয়াল্লিশ লক্ষ সাতশ পঁচাশি। (উত্তর)

৬৮৭০৫০৯

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,) এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই ৬৮,৭০,৫০৯।

এখন, নিযুত ও লবের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৬৮, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৭০, শতকের ঘরে ৫, দশকের ঘরে ০ এবং এককের ঘরে ৯ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : আটষাট লক্ষ সত্তর হাজার পাঁচশ নয়। (উত্তর)

৭১০৫০৭০

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,) এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই ৭১,০৫,০৭০।

এখন, নিযুত ও লবের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৭১, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ০৫, শতকের ঘরে ০, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ০ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : একাত্তর লক্ষ পাঁচ হাজার সত্তর। (উত্তর)

(ঘ) ৫০৮৭৭০০৩; ৯৪৩০৯৭৯৯; ৮৩৯০০৭৬৫।

সমাধান : ৫০৮৭৭০০৩

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,) এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই ৫,০৮,৭৭,০০৩।

এখন, কোটির ঘরে ৫, নিযুত ও লবের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ০৮, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৭৭, শতকের ঘরে ০, দশকের ঘরে ০ এবং এককের ঘরে ৩ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : পাঁচ কোটি আট লক্ষ সাতাত্তর হাজার তিন। (উত্তর)



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে
সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ৫

শ্রেণি-ষষ্ঠ

৯৪৩০৯৭৯৯

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,); এরপর দুই ঘর পর কমা (,)
বসালে আমরা পাই ৯,৪৩,০৯,৭৯৯।

এখন, কোটির ঘরে ৯, নিযুত ও লবের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৪৩, অযুত ও
হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ০৯, শতকের ঘরে ৭, দশকের ঘরে ৯ এবং
এককের ঘরে ৯ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়: নয় কোটি তেতাল্লিশ লক্ষ নয় হাজার
সাতশ নিরানব্বই। (উত্তর)

৮৩৯০০৭৬৫

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,); এরপর দুই ঘর পর কমা (,)
বসালে আমরা পাই ৮,৩৯,০০,৭৬৫।

এখন, কোটির ঘরে ৮, নিযুত ও লবের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৩৯, অযুত ও
হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ০০, শতকের ঘরে ৭, দশকের ঘরে ৬ এবং
এককের ঘরে ৫ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : আট কোটি উনচল্লিশ লক্ষ সাত শত
পঁয়ষড়ি। (উত্তর)

প্রশ্ন- ৩ নিচের সংখ্যাগুলোতে যে সকল সার্থক অঙ্ক আছে তাদের স্থানীয় মান
নির্ণয় কর :

(ক) ৭২ (খ) ৩৫৯ (গ) ৪২০৩ (ঘ) ৭০৮০৯ (ঙ) ১৩০০৪৫০৭৮

(চ) ২৫০০০৯৭০৯ (ছ) ৫৯০০০০৭৮৪৫ (জ) ৯০০৭৫৮৪৩২

(ঝ) ১০৫৭৮০৯২৩০০৪।

সমাধান :

(ক) ৭২ সংখ্যাটিতে,

২ এর স্থানীয় মান ২ একক বা ২×১ বা ২ বা দুই

৭ এর স্থানীয় মান ৭ দশক বা ৭×১০ বা ৭০ বা সত্তর

উত্তর : ৭২ সংখ্যাটিতে ৭ ও ২ এর স্থানীয় মান যথাক্রমে সত্তর ও দুই।

(খ) ৩৫৯ সংখ্যাটিতে,

৯ এর স্থানীয় মান ৯ একক বা ৯×১ বা ৯ বা নয়।

৫ এর স্থানীয় মান ৫ দশক বা ৫×১০ বা ৫০ বা পঞ্চাশ।

৩ এর স্থানীয় মান ৩ শতক বা ৩×১০০ বা ৩০০ বা তিনশ।

উত্তর : ৩৫৯ সংখ্যাটিতে ৩, ৫ ও ৯ এর স্থানীয় মান যথাক্রমে তিনশ,
পঞ্চাশ ও নয়।

(গ) ৪২০৩ সংখ্যাটিতে,

৩ এর স্থানীয় মান ৩ একক বা ৩×১ বা ৩ বা তিন।

২ এর স্থানীয় মান ২ শতক বা ২×১০০ বা ২০০ বা দুইশ।

৪ এর স্থানীয় মান ৪ হাজার বা ৪×১০০০ বা ৪০০০ বা চার হাজার।

উত্তর : ৪২০৩ সংখ্যাটিতে ৪, ২ ও ৩ এর স্থানীয় মান যথাক্রমে চার হাজার,
দুইশ ও তিন।

(ঘ) ৭০৮০৯ সংখ্যাটিতে,

৯ এর স্থানীয় মান ৯ একক বা ৯×১ বা ৯ বা নয়।

৮ এর স্থানীয় মান ৮ শতক বা ৮×১০০ বা ৮০০ বা আটশ।

৭ এর স্থানীয় মান ৭ অযুত বা ৭×১০০০০ বা ৭০০০০ বা সত্তর হাজার।

উত্তর : ৭০৮০৯ সংখ্যাটিতে ৭, ৮ ও ৯ এর স্থানীয় মান যথাক্রমে সত্তর
হাজার, আটশ ও নয়।

(ঙ) ১৩০০৪৫০৭৮ সংখ্যাটিতে,

৮ এর স্থানীয় মান ৮ একক বা ৮×১ বা ৮ বা আট।

৭ এর স্থানীয় মান ৭ দশক বা ৭×১০ বা ৭০ বা সত্তর।

৫ এর স্থানীয় মান ৫ হাজার বা ৫×১০০০ বা ৫০০০ বা পাঁচ হাজার।

৪ এর স্থানীয় মান ৪ অযুত বা ৪×১০০০০ বা ৪০০০০ বা চল্লিশ হাজার।

৩ এর স্থানীয় মান ৩ কোটি বা ৩×১০০০০০০০ বা ৩০০০০০০০ বা তিন
কোটি।

১ এর স্থানীয় মান ১ দশক কোটি বা ১০×১০০০০০০০ বা
১০০০০০০০০ বা দশ কোটি।

উত্তর : ১৩০০৪৫০৭৮ সংখ্যাটিতে ১, ৩, ৪, ৫, ৭, ৮ এর স্থানীয় মান
যথাক্রমে দশ কোটি, তিন কোটি, চল্লিশ হাজার, পাঁচ হাজার, সত্তর ও আট।

২৫০০০৯৭০৯ সংখ্যাটিতে,

৯ এর স্থানীয় মান ৯ একক বা ৯×১ বা ৯ বা নয়।

৭ এর স্থানীয় মান ৭ শতক বা ৭×১০০ বা ৭০০ বা সাতশ।

৯ এর স্থানীয় মান ৯ সহস্র বা ৯×১০০০ বা ৯০০০ বা নয় হাজার।

৫ এর স্থানীয় মান ৫ কোটি বা ৫×১০০০০০০০ বা ৫০০০০০০০ বা পাঁচ
কোটি।

২ এর স্থানীয় মান ২ দশক কোটি বা ২০×১০০০০০০০ বা
২০০০০০০০০ বা বিশ কোটি।

উত্তর : ২৫০০০৯৭০৯ সংখ্যাটিতে ২, ৫, ৯, ৭, ৯ এর স্থানীয় মান যথাক্রমে
বিশ কোটি, পাঁচ কোটি, নয় হাজার, সাতশ ও নয়।

(ছ) ৫৯০০০০৭৮৪৫ সংখ্যাটিতে,

৫ এর স্থানীয় মান ৫ একক বা ৫×১ বা ৫ বা পাঁচ

৪ এর স্থানীয় মান ৪ দশক বা ৪×১০ বা ৪০ বা চল্লিশ

৮ এর স্থানীয় মান ৮ শতক বা ৮×১০০ বা ৮০০ বা আটশ

৭ এর স্থানীয় মান ৭ সহস্র বা ৭×১০০০ বা ৭০০০ বা সাত হাজার।

৯ এর স্থানীয় মান ৯ দশক কোটি বা ৯০×১০০০০০০০ বা
৯০০০০০০০০ বা নব্বই কোটি

৫ এর স্থানীয় মান ৫ শতক কোটি বা ৫০০×১০০০০০০০ বা
৫০০০০০০০০ বা পাঁচশ কোটি

উত্তর : ৫৯০০০০৭৮৪৫ সংখ্যাটিতে ৫, ৯, ৭, ৮, ৪, ৫ এর স্থানীয় মান
যথাক্রমে পাঁচশ কোটি, নব্বই কোটি, সাত হাজার, আটশ, চল্লিশ ও পাঁচ।

(জ) ৯০০৭৫৮৪৩২ সংখ্যাটিতে,

২ এর স্থানীয় মান ২ একক বা ২×১ বা ২ বা দুই

৩ এর স্থানীয় মান ৩ দশক বা ৩×১০ বা ৩০ বা ত্রিশ

৪ এর স্থানীয় মান ৪ শতক বা ৪×১০০ বা ৪০০ বা চারশ

৮ এর স্থানীয় মান ৮ সহস্র বা ৮×১০০০ বা ৮০০০ বা আট হাজার

৫ এর স্থানীয় মান ৫ অযুত বা ৫×১০০০০ বা ৫০০০০ বা পঞ্চাশ হাজার

৭ এর স্থানীয় মান ৭ লক্ষ বা ৭×১০০০০০ বা ৭০০০০০ বা সাত লক্ষ

৯ এর স্থানীয় মান ৯ দশক কোটি বা ৯০×১০০০০০০০ বা
৯০০০০০০০০ বা নব্বই কোটি

উত্তর : ৯০০৭৫৮৪৩২ সংখ্যাটিতে ৯, ৭, ৫, ৮, ৪, ৩ ও ২ এর স্থানীয়
মান যথাক্রমে নব্বই কোটি, সাত লক্ষ, পঞ্চাশ হাজার, আট হাজার, চারশ,
ত্রিশ ও দুই।

(ঝ) ১০৫৭৮০৯২৩০০৪ সংখ্যাটিতে,

৪ এর স্থানীয় মান ৪ একক বা ৪×১ বা ৪ বা চার

৩ এর স্থানীয় মান ৩ সহস্র বা ৩×১০০০ বা ৩০০০ বা তিন হাজার

২ এর স্থানীয় মান ২ অযুত বা ২×১০০০০ বা ২০০০০ বা বিশ হাজার

৯ এর স্থানীয় মান ৯ লক্ষ বা ৯×১০০০০০ বা ৯০০০০০ বা নয় লক্ষ

৮ এর স্থানীয় মান ৮ কোটি বা ৮×১০০০০০০০ বা ৮০০০০০০০ বা আট



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে
সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ৬

শ্রেণি-ষষ্ঠ

কোটি

৭ এর স্থানীয় মান ৭ দশক কোটি বা ৭০×১০০০০০০ বা ৭০০০০০০০ বা সত্তর কোটি

৫ এর স্থানীয় মান ৫ শতক কোটি বা ৫০০×১০০০০০০ বা ৫০০০০০০০০ বা পাঁচশ কোটি

১ এর স্থানীয় মান ১ অযুত কোটি বা ১০০০০×১০০০০০০ বা ১০০০০০০০০০ বা দশ হাজার কোটি

উত্তর : ১০৫৭৮০৯২৩০০৪ সংখ্যাটিতে ১,৫,৭,৮,৯,২,৩ ও ৪ এর স্থানীয় মান যথাক্রমে দশ হাজার কোটি, পাঁচশ কোটি, সত্তর কোটি, আট কোটি, নয় লক্ষ, বিশ হাজার, তিন হাজার ও চার।

প্রশ্ন- ৪ নয় অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা লেখ।

সমাধান : আমরা জানি, বৃহত্তম সংখ্যা হলো ৯। অঙ্কপাতনের যে কোনো অবস্থানে ৯ এর স্থানীয় মান বৃহত্তম হবে। সুতরাং ৯টি ৯ পর পর লিখলেই নয় অঙ্কের বৃহত্তম সংখ্যা পাওয়া যাবে।

উত্তর : নয় অঙ্কের বৃহত্তম সংখ্যা ৯৯,৯৯,৯৯,৯৯৯

আবার, ক্ষুদ্রতম সংখ্যা হলো ০। পর পর ৯টি শূন্য লিখলে কোনো সংখ্যা প্রকাশ করে না। সুতরাং সর্ববামে সার্থক ক্ষুদ্রতম অঙ্ক ১ নিয়ে পর পর আটটি ০ (শূন্য) বসালে নয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা পাওয়া যাবে।

উত্তর : নয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ১০,০০,০০,০০০

প্রশ্ন- ৫ একই অঙ্ক মাত্র একবার ব্যবহার করে সাত অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা গঠন কর :

(ক) ৪, ৫, ১, ২, ৮, ৯, ৩ (খ) ৪, ০, ৫, ৩, ৯, ৮, ৭।

সমাধান :

(ক) ৪, ৫, ১, ২, ৮, ৯, ৩

অঙ্কপাতনে যেকোনো অবস্থানে বৃহত্তর অঙ্কের স্থানীয় মান ক্ষুদ্রতর অঙ্কের স্থানীয় মান অপেক্ষা বড় হবে।

এখানে, $৯ > ৮ > ৫ > ৪ > ৩ > ২ > ১$

সুতরাং, বড় থেকে ছোট ক্রমে অঙ্কপাতন করলেই বৃহত্তম সংখ্যাটি পাওয়া যাবে।

উত্তর : বৃহত্তম সংখ্যা ৯৮,৫৪,৩২১।

আবার, $১ < ২ < ৩ < ৪ < ৫ < ৮ < ৯$

সুতরাং, ছোট থেকে বড় ক্রমে অঙ্কপাতন করলেই ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে।

উত্তর : ক্ষুদ্রতম সংখ্যা ১২,৩৪,৫৮৯।

(খ) ৪, ০, ৫, ৩, ৯, ৮, ৭

অঙ্কপাতনে যেকোনো অবস্থানে বৃহত্তর অঙ্কের স্থানীয় মান ক্ষুদ্রতর অঙ্কের স্থানীয় মান হতে বড় হবে।

এখানে, $৯ > ৮ > ৭ > ৫ > ৪ > ৩ > ০$

সুতরাং, বড় থেকে ছোট ক্রমে অঙ্কপাতন করলেই বৃহত্তম সংখ্যাটি পাওয়া যাবে।

উত্তর : বৃহত্তম সংখ্যা ৯৮,৭৫,৪৩০

আবার, $০ < ৩ < ৪ < ৫ < ৭ < ৮ < ৯$

সুতরাং, ছোট থেকে বড় ক্রমে অঙ্কপাতন করলেই ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে। কিন্তু সর্ববামে শূন্য বসালে প্রাপ্ত সংখ্যাটি অর্থবোধক ৭ অঙ্কের সংখ্যা না হয়ে ছয় অঙ্কের হবে। অতএব, ০ বাদে ক্ষুদ্রতম অঙ্কটি সর্ববামে লিখে শূন্যসহ অন্য অঙ্কগুলো ছোট থেকে বড় ক্রমে লিখলে ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে।

উত্তর : ক্ষুদ্রতম সংখ্যা ৩০,৪৫,৭৮৯।

প্রশ্ন- ৬ সাত অঙ্ক বিশিষ্ট কোন বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার প্রথমে ৭ এবং শেষে ৬ আছে?

সমাধান : আমরা জানি, বৃহত্তম অঙ্ক হলো ৯। সাত অঙ্কবিশিষ্ট বৃহত্তম অঙ্কটি

হবে ৭টি পর পর ৯ বিশিষ্ট সংখ্যা, যেখানে অঙ্ক পাতনের যেকোনো অবস্থানে ৯ এর স্থানীয় মান বৃহত্তম হবে।

কিন্তু, প্রথমে ৭ এবং শেষে ৬ বিশিষ্ট সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা হবে ৭৯,৯৯,৯৯৬। (উত্তর)

আবার, সর্ববামে সার্থক ক্ষুদ্রতম অঙ্ক ১ নিয়ে পর পর ৬টি ০ (শূন্য) বসালে সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা পাওয়া যাবে।

কিন্তু, প্রথমে ৭ এবং শেষে ৬ বিশিষ্ট সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হবে ৭০,০০,০০৬। (উত্তর)

প্রশ্ন- ৭ ৭৩৪৫৫ এর অঙ্কগুলোকে বিপরীতভাবে সাজালে যে সংখ্যা হয় তা কথায় প্রকাশ কর।

সমাধান : প্রদত্ত সংখ্যা = ৭৩,৪৫৫

বিপরীতক্রমে সাজালে সংখ্যাটি হবে = ৫৫, ৪৩৭

সুতরাং, কথায় প্রকাশিত হলে সংখ্যাটি হয় পঞ্চাশ হাজার চারশ সাঁইত্রিশ। (উত্তর)

■ অনুশীলনী ১.২ এর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন- ১ ৩০ থেকে ৭০ এর মধ্যে মৌলিক সংখ্যাগুলো লেখ।

সমাধান : আমরা জানি, যেসব সংখ্যার গুণনীয়ক ১ এবং ঐ সংখ্যা ছাড়া অন্য কোনো গুণনীয়ক থাকে না তাদেরকে মৌলিক সংখ্যা বলে।

৩০ থেকে ৭০ এর মধ্যে মৌলিক সংখ্যাগুলো হলো :

৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭।

উত্তর : ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭।

প্রশ্ন- ২ সহমৌলিক জোড়া নির্ণয় কর :

(ক) ২৭, ৫৪

সমাধান : ২৭ ও ৫৪ কে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করে পাই,

$$\begin{array}{r} ৩ \overline{) ২৭} \\ ৩ \overline{) ৯} \\ ৩ \end{array} \qquad \begin{array}{r} ২ \overline{) ৫৪} \\ ৩ \overline{) ২৭} \\ ৩ \overline{) ৯} \\ ৩ \end{array}$$

এখানে, $২৭ = ১ \times ৩ \times ৩ \times ৩$

$৫৪ = ১ \times ২ \times ৩ \times ৩ \times ৩$

২৭ এর গুণনীয়কগুলো হলো ১, ৩, ৯, ২৭

৫৪ এর গুণনীয়কগুলো হলো ১, ২, ৩, ৬, ৯, ১৮, ২৭, ৫৪।

∴ ২৭ ও ৫৪ এর মধ্যে সাধারণ গুণনীয়ক ১, ৩, ৯ ও ২৭ বিদ্যমান।

সুতরাং তারা সহমৌলিক নয়।

উত্তর : ২৫ ও ৫৪ সহমৌলিক নয়।

(খ) ৬৩, ৯১

সমাধান : ৬৩ ও ৯১ কে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করে পাই।

$$\begin{array}{r} ৩ \overline{) ৬৩} \\ ৩ \overline{) ২১} \\ ৩ \end{array} \qquad \begin{array}{r} ৭ \overline{) ৯১} \\ ১৩ \end{array}$$

এখানে, $৬৩ = ১ \times ৩ \times ৩ \times ৭$

$৯১ = ১ \times ৭ \times ১৩$

৬৩ এর গুণনীয়কগুলো হলো ১, ৩, ৭, ৯, ২১, ৬৩ এবং ৯১ এর গুণনীয়কগুলো হলো ১, ৭, ১৩, ৯১

∴ ৬৩ ও ৯১ এর মধ্যে সাধারণ গুণনীয়ক ১ ও ৭ বিদ্যমান।

সুতরাং তারা সহমৌলিক নয়।

উত্তর : ৬৩ ও ৯১ সহমৌলিক নয়।

(গ) ১৮৯, ২১০



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে
সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

শ্রেণি-ষষ্ঠ

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ৭

সমাধান : ১৮৯ ও ২১০ কে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করে পাই,

$$\begin{array}{r} 3 \overline{) 189} \\ 3 \overline{) 63} \\ 3 \overline{) 21} \\ 9 \end{array} \quad \begin{array}{r} 2 \overline{) 210} \\ 2 \overline{) 105} \\ 5 \overline{) 21} \\ 9 \end{array}$$

এখানে, $189 = 1 \times 3 \times 3 \times 3 \times 7$

$$210 = 1 \times 2 \times 3 \times 5 \times 7$$

১৮৯ এর গুণনীয়কগুলো হলো ১, ৩, ৭, ৯, ২১, ২৭, ৬৩, ১৮৯ এবং

২১০ এর গুণনীয়কগুলো হলো ১, ২, ৩, ৫, ৬, ৭, ১০, ১৪, ১৫, ২১,

৩০, ৩৫, ৪২, ৭০, ১০৫, ২১০

∴ ১৮৯ ও ২১০ এর মধ্যে সাধারণ গুণনীয়ক ১, ৩, ৭ ও ২১ বিদ্যমান।

সুতরাং, তারা সহমৌলিক নয়।

উত্তর : ১৮৯ ও ২১০ সহমৌলিক নয়।

(ঘ) ৫২, ৯৭

সমাধান : ৫২ ও ৯৭ কে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করে পাই,

$$\begin{array}{r} 2 \overline{) 52} \\ 2 \overline{) 26} \\ 13 \end{array} \quad \begin{array}{r} 97 \overline{) 97} \\ 1 \end{array}$$

$$52 = 1 \times 2 \times 2 \times 13$$

$$97 = 1 \times 97$$

৫২ এর গুণনীয়কগুলো হলো ১, ২, ৪, ১৩, ২৬, ৫২ এবং

৯৭ এর গুণনীয়কগুলো হলো ১, ৯৭

∴ ৫২ ও ৯৭ এর মধ্যে ১ ছাড়া অন্য কোনো সাধারণ গুণনীয়ক নেই।

সুতরাং তারা সহমৌলিক।

উত্তর : ৫২ ও ৯৭ সহমৌলিক।

প্রশ্ন- ৩ নিচের কোন সংখ্যাগুলো নির্দেশিত সংখ্যা দিয়ে নিঃশেষে বিভাজ্য?

(ক) ৩ দিয়ে : ৫৪৫, ৬৭৭৪, ৮৫৩৫

(খ) ৪ দিয়ে : ৮৫৪২, ২১৮৪, ৫২৭৪

(গ) ৬ দিয়ে : ২১৮৪, ১০৭৪, ৭৮৩২

(ঘ) ৯ দিয়ে : ৫০৭৫, ১৭৩৭, ২১৯৩

সমাধান :

(ক) আমরা জানি, কোনো সংখ্যার অঙ্কগুলোর যোগফল ৩ দ্বারা বিভাজ্য হলে, ঐ সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য হবে।

৫৪৫ : ৫৪৫, ৩ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয়ের জন্য সংখ্যার অঙ্কগুলোকে যোগ করি।

$$\text{প্রদত্ত সংখ্যার অঙ্কগুলোর যোগফল} = (৫ + ৪ + ৫) = ১৪$$

∴ অঙ্কগুলোর যোগফল ১৪ = ৭×২ ; যা ৩ দ্বারা বিভাজ্য নয়।

∴ ৫৪৫, ৩ দ্বারা বিভাজ্য নয়।

উত্তর : ৫৪৫, ৩ দ্বারা বিভাজ্য নয়।

৬৭৭৪ : ৬৭৭৪, ৩ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয়ের জন্য সংখ্যার অঙ্কগুলোকে যোগ করি।

$$\text{প্রদত্ত সংখ্যার অঙ্কগুলোর যোগফল} = (৬ + ৭ + ৭ + ৪) = ২৪$$

∴ অঙ্কগুলোর যোগফল ২৪ = ৮×৩ ; যা ৩ দ্বারা বিভাজ্য।

∴ ৬৭৭৪, ৩ দ্বারা বিভাজ্য।

উত্তর : ৬৭৭৪, ৩ দ্বারা বিভাজ্য।

৮৫৩৫ : ৮৫৩৫, ৩ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয়ের জন্য সংখ্যার অঙ্কগুলোকে যোগ করি।

$$\therefore \text{প্রদত্ত সংখ্যার অঙ্কগুলোর যোগফল} = (৮ + ৫ + ৩ + ৫) = ২১$$

∴ অঙ্কগুলোর যোগফল ২১ = ৭×৩ ; যা ৩ দ্বারা বিভাজ্য।

∴ ৮৫৩৫, ৩ দ্বারা বিভাজ্য।

উত্তর : ৮৫৩৫, ৩ দ্বারা বিভাজ্য।

(খ) আমরা জানি, কোনো সংখ্যার একক ও দশক স্থানের অঙ্ক দুইটি দ্বারা গঠিত সংখ্যা ৪ দ্বারা বিভাজ্য হলে, ঐ সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য হবে। আবার একক ও দশক উভয় স্থানের অঙ্ক ০ হলেও প্রদত্ত সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য হবে।

৮৫৪২ : ৮৫৪২ সংখ্যায় একক ও দশক স্থানীয় অঙ্ক দুইটি দ্বারা গঠিত সংখ্যা হচ্ছে ৪২।

এখন, $৪২ = ১ \times ২ \times ৩ \times ৭$; যা ৪ দ্বারা বিভাজ্য নয়।

∴ ৮৫৪২, ৪ দ্বারা বিভাজ্য নয়।

উত্তর : ৮৫৪২, ৪ দ্বারা বিভাজ্য নয়।

২১৮৪ : ২১৮৪ সংখ্যায় একক ও দশক স্থানীয় অঙ্ক দুইটি দ্বারা গঠিত সংখ্যা হচ্ছে ৮৪।

আবার, $৮৪ = ১ \times ২ \times ২ \times ৩ \times ৭ = ১ \times ৪ \times ৩ \times ৭$; যা ৪ দ্বারা বিভাজ্য।

∴ ২১৮৪, ৪ দ্বারা বিভাজ্য।

উত্তর : ২১৮৪, ৪ দ্বারা বিভাজ্য।

৫২৭৪ : ৫২৭৪ সংখ্যায় একক ও দশক স্থানীয় অঙ্ক দুইটি দ্বারা গঠিত সংখ্যা হচ্ছে ৭৪।

আবার, $৭৪ = ১ \times ৩৭ \times ২$; যা ৪ দ্বারা বিভাজ্য নয়।

∴ ৫২৭৪, ৪ দ্বারা বিভাজ্য নয়।

উত্তর : ৫২৭৪, ৪ দ্বারা বিভাজ্য নয়।

(গ) আমরা জানি, কোনো সংখ্যা ২ এবং ৩ দ্বারা বিভাজ্য হলে সংখ্যাটি ৬ দ্বারাও বিভাজ্য হবে।

২১৮৪ : ২১৮৪ সংখ্যার একক স্থানীয় অঙ্ক ৪ জোড় সংখ্যা।

∴ ২১৮৪, ২ দ্বারা বিভাজ্য।

আবার, সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = $(২ + ১ + ৮ + ৪) = ১৫$

∴ অঙ্কগুলোর যোগফল ১৫ = ৫×৩ ; যা ৩ দ্বারা বিভাজ্য।

∴ ২১৮৪, ৩ দ্বারা বিভাজ্য।

যেহেতু, সংখ্যাটি ২ ও ৩ দ্বারা বিভাজ্য সেহেতু, সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য।

∴ ২১৮৪, ৬ দ্বারা বিভাজ্য।

উত্তর : ২১৮৪, ৬ দ্বারা বিভাজ্য।

১০৭৪ : ১০৭৪ সংখ্যায় একক স্থানীয় অঙ্ক ৪ জোড় সংখ্যা।

∴ ১০৭৪, ২ দ্বারা বিভাজ্য।

আবার, সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = $১ + ০ + ৭ + ৪ = ১২$ ।

∴ অঙ্কগুলোর যোগফল ১২ = $১ \times ৪ \times ৩$; যা ৩ দ্বারা বিভাজ্য।

∴ ১০৭৪, ৩ দ্বারা বিভাজ্য।



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে
সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ৮

শ্রেণি-ষষ্ঠ

যেহেতু, সংখ্যাটি ২ ও ৩ দ্বারা বিভাজ্য সেহেতু, সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য।

∴ ১০৭৪, ৬ দ্বারা বিভাজ্য।

উত্তর : ১০৭৪, ৬ দ্বারা বিভাজ্য।

৭৮৩২ : ৭৮৩২ সংখ্যার একক স্থানীয় অঙ্ক ২ জোড় সংখ্যা।

∴ ৭৮৩২, ২ দ্বারা বিভাজ্য।

আবার, সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = $৭ + ৮ + ৩ + ২ = ২০$

∴ অঙ্কগুলোর যোগফল ২০ = $১ \times ৫ \times ৪$; যা ৩ দ্বারা বিভাজ্য নয়।

∴ ৭৮৩২, ৩ দ্বারা বিভাজ্য নয়।

৭৮৩২ সংখ্যাটি ২ দ্বারা বিভাজ্য হলেও ৩ দ্বারা বিভাজ্য না হওয়ায় ৭৮৩২, ৬ দ্বারা বিভাজ্য নয়।

উত্তর : ৭৮৩২, ৬ দ্বারা বিভাজ্য নয়।

(ঘ) আমরা জানি, কোনো সংখ্যার অঙ্কগুলোর যোগফল ৯ দ্বারা বিভাজ্য হলে, প্রদত্ত সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

৫০৭৫ : ৫০৭৫, ৯ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয়ের জন্য সংখ্যার অঙ্কগুলোকে যোগ করি।

প্রদত্ত সংখ্যার অঙ্কগুলোর যোগফল = $(৫ + ০ + ৭ + ৫) = ১৭$ ।

∴ অঙ্কগুলোর যোগফল ১৭ = ১৭×১ ; যা ৯ দ্বারা বিভাজ্য নয়।

∴ ৫০৭৫, ৯ দ্বারা বিভাজ্য নয়।

উত্তর : ৫০৭৫, ৯ দ্বারা বিভাজ্য নয়।

১৭৩৭ : ১৭৩৭, ৯ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয়ের জন্য সংখ্যার অঙ্কগুলোকে যোগ করি।

প্রদত্ত সংখ্যার অঙ্কগুলোর যোগফল = $১ + ৭ + ৩ + ৭ = ১৮$

∴ অঙ্কগুলোর যোগফল ১৮ = $১ \times ৯ \times ২$; যা ৯ দ্বারা বিভাজ্য।

∴ ১৭৩৭, ৯ দ্বারা বিভাজ্য।

উত্তর : ১৭৩৭, ৯ দ্বারা বিভাজ্য।

২১৯৩ : ২১৯৩, ৯ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয়ের জন্য সংখ্যার অঙ্কগুলোকে যোগ করি।

প্রদত্ত সংখ্যার অঙ্কগুলোর যোগফল = $(২ + ১ + ৯ + ৩) = ১৫$

∴ অঙ্কগুলোর যোগফল ১৫ = $১ \times ৫ \times ৩$; যা ৯ দ্বারা বিভাজ্য নয়।

∴ ২১৯৩, ৯ দ্বারা বিভাজ্য নয়।

উত্তর : ২১৯৩, ৯ দ্বারা বিভাজ্য নয়।

প্রশ্ন- ৪ নিচের চিহ্নিত স্থানে কোন কোন অঙ্ক বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে?

(ক) ৫ ৪৭২৩ (খ) ৮১২ ৭৪ (গ) ৪১৫৭৮ (ঘ) ৫৭৪২

সমাধান : আমরা জানি, কোনো সংখ্যার অঙ্কগুলোর যোগফল ৯ দ্বারা বিভাজ্য হলে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

(ক) ৫ ৪৭২৩

৫ ৪৭২৩ এ ব্যবহৃত অঙ্কগুলোর যোগফল

$$= (৫ + ৪ + ৭ + ২ + ৩) = ২১।$$

∴ ২১ = ৩×৭ ; যা ৯ দ্বারা বিভাজ্য নয়।

কিন্তু, ২১ এর কাছাকাছি এবং ২১ অপেক্ষা বড় ৯ দ্বারা বিভাজ্য সংখ্যা ২৭।

∴ অঙ্কটি $(২৭ - ২১) = ৬$

উত্তর : এর স্থানে ৬ বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

(খ) ৮১২ ৭৪

৮১২ ৭৪ এ ব্যবহৃত অঙ্কগুলোর যোগফল

$$= (৮ + ১ + ২ + ৭ + ৪) = ২২$$

∴ ২২ = ১১×২ ; যা ৯ দ্বারা বিভাজ্য নয়।

কিন্তু ২২ এর কাছাকাছি এবং ২২ অপেক্ষা বড় ৯ দ্বারা বিভাজ্য সংখ্যা ২৭।

∴ অঙ্কটি $(২৭ - ২২) = ৫$

উত্তর : এর স্থানে ৫ বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

(গ) ৪১৫৭৮

৪১৫৭৮ এ ব্যবহৃত অঙ্কগুলোর যোগফল

$$= (৪ + ১ + ৫ + ৭ + ৮) = ২৫।$$

∴ ২৫ = ৫×৫ ; যা ৯ দ্বারা বিভাজ্য নয়।

কিন্তু ২৫ এর কাছাকাছি এবং ২৫ অপেক্ষা বড় ৯ দ্বারা বিভাজ্য সংখ্যা হবে ২৭।

∴ অঙ্কটি $(২৭ - ২৫) = ২$

উত্তর : এর স্থানে ২ বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

(ঘ) ৫৭৪২

৫৭৪২ এ ব্যবহৃত অঙ্কগুলোর যোগফল = $(৫ + ৭ + ৪ + ২) = ১৮$

∴ ১৮ = ৯×২ ; যা ৯ দ্বারা বিভাজ্য।

∴ এর স্থানে ০ বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

আবার, অঙ্কগুলোর যোগফলের সাথে ৯ যোগ করলে হয় $১৮ + ৯ = ২৭$ ।

∴ ২৭ = ৯×৩ ; যা ৯ দ্বারা বিভাজ্য।

উত্তর : এর স্থানে ০ অথবা ৯ বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

প্রশ্ন- ৫ পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় কর যা ৩ দ্বারা বিভাজ্য।

সমাধান : পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০

আমরা জানি, কোনো সংখ্যার অঙ্কগুলোর যোগফল ৩ দ্বারা বিভাজ্য হলে, ঐ সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য হবে।

এখন, ১০০০০ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল

$$= ১ + ০ + ০ + ০ + ০ = ১; যা ৩ দ্বারা বিভাজ্য নয়।$$

কিন্তু ১ এর কাছাকাছি এবং ১ অপেক্ষা বড় ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা হবে ৩।

∴ ক্ষুদ্রতম সংখ্যাটির সাথে $(৩ - ১)$ বা ২ যোগ করলে সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য হবে।

নির্ণয়ে পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটি $(১০০০০ + ২) = ১০০০২$

উত্তর : ১০০০২

প্রশ্ন- ৬ সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা নির্ণয় কর যা ৬ দ্বারা বিভাজ্য।

সমাধান : সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা ৯৯৯৯৯৯৯

আমরা জানি, কোনো সংখ্যা ৬ দ্বারা বিভাজ্য হবে যদি সেই সংখ্যা ২ ও ৩ দ্বারা বিভাজ্য হয়।

এখন, ৯৯৯৯৯৯৯ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = $(৯ + ৯ + ৯ + ৯ + ৯ + ৯ + ৯) = ৬৩$, যা ৩ দ্বারা বিভাজ্য।

কিন্তু ৯৯৯৯৯৯৯ এর একক স্থানীয় অঙ্কটি জোড় বা শূন্য না হওয়ায় তা ২ দ্বারা বিভাজ্য নয়।

∴ ৯৯৯৯৯৯৯ সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য হলেও ২ দ্বারা বিভাজ্য না হওয়ায় তা ৬ দ্বারা বিভাজ্য নয়।

এখন, যেহেতু ৯৯৯৯৯৯৯, ৩ দ্বারা বিভাজ্য সেহেতু সংখ্যাটি থেকে ৩ বিয়োগ করলে সাত অঙ্কের ৩ দ্বারা বিভাজ্য আরেকটি বৃহত্তম সংখ্যা পাওয়া যাবে।

∴ প্রাপ্ত সংখ্যাটি $(৯৯৯৯৯৯৯ - ৩) = ৯৯৯৯৯৯৬$ ।

প্রাপ্ত সংখ্যাটির একক স্থানীয় সংখ্যাটি ৬, যা একটি জোড় সংখ্যা।



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে
সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ৯

শ্রেণি-ষষ্ঠ

∴ ৯৯৯৯৯৯৬, ২ দ্বারা বিভাজ্য।

৯৯৯৯৯৯৬, সংখ্যাটি একই সাথে ৩ ও ২ দ্বারা বিভাজ্য হওয়ায় তা ৬ দ্বারাও বিভাজ্য।

উত্তর : ৬ দ্বারা বিভাজ্য সাত অঙ্কের বৃহত্তম সংখ্যাটি হলো ৯৯৯৯৯৯৬।

প্রশ্ন- ৭ ৩, ০, ৫, ২, ৭ অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা ৪ এবং ৫ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয় কর।

সমাধান : ৩, ০, ৫, ২, ৭ অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যাটি ৭৫৩২০

আমরা জানি, কোনো সংখ্যার একক ও দশক স্থানের অঙ্ক দুইটি দ্বারা গঠিত সংখ্যা ৪ দ্বারা বিভাজ্য হলে, ঐ সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য হবে।

এখানে, ৭৫৩২০ সংখ্যাটির একক ও দশক স্থানীয় অঙ্ক দ্বারা গঠিত সংখ্যা ২০।

$২০ = ৫ \times ৪$; যা ৪ দ্বারা বিভাজ্য।

∴ সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য।

আবার, আমরা জানি, কোনো সংখ্যার একক স্থানীয় অঙ্ক ০ বা ৫ হলে, সংখ্যাটি ৫ দ্বারা বিভাজ্য হবে।

এখানে, ৭৫৩২০ সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক ০।

∴ সংখ্যাটি ৫ দ্বারা বিভাজ্য।

উত্তর : ৭৫৩২০ বৃহত্তম সংখ্যাটি ৪ ও ৫ দ্বারা বিভাজ্য।

■ অনুশীলনী ১.৩ এর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন- ১ মৌলিক গুণনীয়কের সাহায্যে গ.সা.গু. নির্ণয় কর :

(ক) ১৪৪, ২৪০ ও ৬১২

সমাধান : ১৪৪, ২৪০ ও ৬১২ কে মৌলিক গুণনীয়কে বিশ্লেষণ করে পাই,

$$\begin{array}{r} ২ \overline{) ১৪৪} \\ ২ \overline{) ৭২} \\ ২ \overline{) ৩৬} \\ ২ \overline{) ১৮} \\ ৩ \overline{) ৯} \\ ৩ \end{array} \quad \begin{array}{r} ২ \overline{) ২৪০} \\ ২ \overline{) ১২০} \\ ২ \overline{) ৬০} \\ ২ \overline{) ৩০} \\ ৩ \overline{) ১৫} \\ ৩ \end{array} \quad \begin{array}{r} ২ \overline{) ৬১২} \\ ২ \overline{) ৩০৬} \\ ৩ \overline{) ১৫৩} \\ ৩ \overline{) ৫১} \\ ১৭ \end{array}$$

এখানে,

১৪৪ এর গুণনীয়কগুলো ২, ২, ২, ২, ৩, ৩

২৪০ এর গুণনীয়কগুলো ২, ২, ২, ২, ৩, ৫

৬১২ এর গুণনীয়কগুলো ২, ২, ৩, ৩, ১৭

১৪৪, ২৪০ এবং ৬১২ এর সাধারণ মৌলিক গুণনীয়কগুলো হলো : ২, ২, ৩

∴ ১৪৪, ২৪০ এবং ৬১২ এর গ.সা.গু = $২ \times ২ \times ৩ = ১২$

উত্তর : গ.সা.গু ১২।

(খ) ৫২৫, ৪৯৫ ও ৫৭০

সমাধান : ৫২৫, ৪৯৫ ও ৫৭০ কে মৌলিক গুণনীয়কে বিশ্লেষণ করে পাই,

$$\begin{array}{r} ৩ \overline{) ৫২৫} \\ ৫ \overline{) ১৭৫} \\ ৫ \overline{) ৩৫} \\ ৭ \end{array} \quad \begin{array}{r} ৩ \overline{) ৪৯৫} \\ ৩ \overline{) ১৬৫} \\ ৫ \overline{) ৫৫} \\ ১১ \end{array} \quad \begin{array}{r} ২ \overline{) ৫৭০} \\ ৩ \overline{) ২৮৫} \\ ৫ \overline{) ৯৫} \\ ১৯ \end{array}$$

এখানে,

৫২৫ এর মৌলিক গুণনীয়কগুলো ৩, ৫, ৫, ৭

৪৯৫ এর মৌলিক গুণনীয়কগুলো ৩, ৩, ৫, ১১

৫৭০ এর মৌলিক গুণনীয়কগুলো ২, ৩, ৫, ১৯

৫২৫, ৪৯৫ এবং ৫৭০ এর সাধারণ মৌলিক গুণনীয়কগুলো ৩, ৫।

∴ ৫২৫, ৪৯৫ এবং ৫৭০ এর গ.সা.গু = $৩ \times ৫ = ১৫$

উত্তর : গ.সা.গু ১৫।

(গ) ২৬৬৬, ৯৬৯৯

সমাধান : ২৬৬৬, ৯৬৯৯ কে মৌলিক গুণনীয়কে বিশ্লেষণ করে পাই,

$$\begin{array}{r} ২ \overline{) ২৬৬৬} \\ ৩১ \overline{) ১৩৩৩} \\ ৪৩ \end{array} \quad \begin{array}{r} ৩ \overline{) ৯৬৯৯} \\ ৫৩ \overline{) ৩২৩৩} \\ ৬১ \end{array}$$

এখানে,

২৬৬৬ এর মৌলিক গুণনীয়কগুলো ২, ৩১, ৪৩

৯৬৯৯ এর মৌলিক গুণনীয়কগুলো ৩, ৫৩, ৬১

∴ ২৬৬৬ এবং ৯৬৯৯ এর মধ্যে কোনো সাধারণ মৌলিক গুণনীয়ক নেই।

উত্তর : গ.সা.গু. ১।

প্রশ্ন- ২ ভাগ প্রক্রিয়ায় গ.সা.গু. নির্ণয় কর :

(ক) ১০৫, ১৬৫

সমাধান : ১০৫) ১৬৫ (১

$$\begin{array}{r} ১০৫ \\ ৬০) ১০৫ (১ \end{array}$$

$$\begin{array}{r} ৬০ \\ ৪৫) ৬০ (১ \end{array}$$

$$\begin{array}{r} ৪৫ \\ ১৫) ৪৫ (৩ \end{array}$$

$$\begin{array}{r} ৪৫ \\ ০ \end{array}$$

শেষ ভাজক ১৫।

∴ ১০৫ ও ১৬৫ এর গ.সা.গু. ১৫।

উত্তর : গ.সা.গু. ১৫।

(খ) ৩৮৫, ২৮৬, ৪১৮

সমাধান : ২৮৬) ৩৮৫ (১

$$\begin{array}{r} ২৮৬ \\ ৯৯) ২৮৬ (২ \end{array}$$

$$\begin{array}{r} ১৯৮ \\ ৮৮) ১৯৮ (১ \end{array}$$

$$\begin{array}{r} ৮৮ \\ ১১) ৮৮ (৮ \end{array}$$

$$\begin{array}{r} ৮৮ \\ ০ \end{array}$$

আবার, ১১) ৪১৮ (৩৮

$$\begin{array}{r} ৩৩ \\ ৮৮ \end{array}$$

$$\begin{array}{r} ৮৮ \\ ৮৮ \end{array}$$

$$\begin{array}{r} ৮৮ \\ ০ \end{array}$$

এখানে, শেষ ভাজক ১১, যা ২৮৬ ও ৩৮৫ এর গ.সা.গু.।

∴ ২৮৬, ৩৮৫ ও ৪১৮ এর গ.সা.গু. ১১।

উত্তর : গ.সা.গু. ১১।

প্রশ্ন- ৩ মৌলিক গুণনীয়কের সাহায্যে গ.সা.গু. নির্ণয় কর :

(ক) ১৫, ২৫, ৩০

সমাধান : এখানে, ১৫ = ৩×৫

$$২৫ = ৫ \times ৫$$

$$৩০ = ২ \times ৩ \times ৫$$

∴ ১৫ এর মৌলিক গুণনীয়কগুলো ৩, ৫



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ১০

শ্রেণি-ষষ্ঠ

২৫ এর মৌলিক গুণনীয়কগুলো ৫, ৫

৩০ এর মৌলিক গুণনীয়কগুলো ২, ৩, ৫

প্রদত্ত সংখ্যাগুলোর মৌলিক গুণনীয়কে ২ আছে সর্বোচ্চ একবার, ৩ আছে সর্বোচ্চ একবার এবং ৫ সর্বাধিক দুইবার।

এখন, ২ একবার, ৩ একবার ও ৫ দুইবার নিয়ে ধারাবাহিক গুণ করলে নির্ণেয় ল. সা. গু. পাওয়া যাবে।

$$\therefore \text{ল.সা.গু.} = 2 \times 3 \times 5 \times 5 = 150$$

উত্তর : ল.সা.গু. ১৫০।

(খ) ২২, ৮৮, ১৩২, ১৯৮

সমাধান :

$$\begin{array}{r} 2 \overline{) 22} \\ \underline{11} \\ 11 \end{array} \quad \begin{array}{r} 2 \overline{) 88} \\ \underline{88} \\ 0 \end{array} \quad \begin{array}{r} 2 \overline{) 132} \\ \underline{26} \\ 30 \\ \underline{30} \\ 0 \end{array} \quad \begin{array}{r} 2 \overline{) 198} \\ \underline{39} \\ 30 \\ \underline{30} \\ 0 \end{array}$$

\therefore ২২ এর মৌলিক গুণনীয়কগুলো ২, ১১

৮৮ এর মৌলিক গুণনীয়কগুলো ২, ২, ২, ১১

১৩২ এর মৌলিক গুণনীয়কগুলো ২, ২, ৩, ১১

১৯৮ এর মৌলিক গুণনীয়কগুলো ২, ৩, ৩, ১১

প্রদত্ত সংখ্যাগুলোর মৌলিক গুণনীয়কে ২ আছে সর্বাধিক তিনবার, ৩ আছে সর্বাধিক দুইবার এবং ১১ আছে একবার। এখন, ২ তিনবার, ৩ দুইবার ও ১১ একবার নিয়ে ধারাবাহিক গুণ করলে নির্ণেয় ল.সা.গু. পাওয়া যাবে।

$$\therefore \text{ল.সা.গু.} = 2 \times 2 \times 2 \times 3 \times 11 = 992$$

উত্তর : ল.সা.গু. ৯৯২।

(গ) ২৪, ৩৬, ৫৪, ৭২, ৯৬

সমাধান :

$$\begin{array}{r} 2 \overline{) 24} \\ \underline{12} \\ 12 \\ \underline{6} \\ 6 \\ \underline{3} \\ 3 \end{array} \quad \begin{array}{r} 2 \overline{) 36} \\ \underline{18} \\ 18 \\ \underline{9} \\ 9 \\ \underline{3} \\ 3 \end{array} \quad \begin{array}{r} 2 \overline{) 54} \\ \underline{27} \\ 27 \\ \underline{9} \\ 9 \\ \underline{3} \\ 3 \end{array}$$

$$\begin{array}{r} 2 \overline{) 72} \\ \underline{36} \\ 36 \\ \underline{18} \\ 18 \\ \underline{9} \\ 9 \\ \underline{3} \\ 3 \end{array} \quad \begin{array}{r} 2 \overline{) 96} \\ \underline{48} \\ 48 \\ \underline{24} \\ 24 \\ \underline{12} \\ 12 \\ \underline{6} \\ 6 \\ \underline{3} \\ 3 \end{array}$$

\therefore ২৪ এর মৌলিক গুণনীয়কগুলো ২, ২, ২, ৩

৩৬ ,, ,, ,, ২, ২, ৩, ৩

৫৪ ,, ,, ,, ২, ৩, ৩, ৩

৭২ ,, ,, ,, ২, ২, ২, ৩, ৩

৯৬ ,, ,, ,, ২, ২, ২, ২, ২, ৩

প্রদত্ত সংখ্যাগুলোর মৌলিক গুণনীয়কে ২ সর্বাধিক পাঁচবার এবং ৩ সর্বাধিক তিনবার। এখন, ২ পাঁচবার ও ৩ তিনবার নিয়ে ধারাবাহিক গুণ করলে নির্ণেয় ল. সা. গু. পাওয়া যাবে।

$$\therefore \text{ল.সা.গু.} = 2 \times 2 \times 2 \times 2 \times 2 \times 3 \times 3 \times 3 = 864$$

উত্তর : ল.সা.গু. ৮৬৪।

প্রশ্ন- ৪ ইউক্লিডীয় পদ্ধতিতে ল.সা.গু. নির্ণয় কর :

(ক) ৯৬, ১২০

সমাধান :

$$\begin{array}{r} 2 \overline{) 96, 120} \\ \underline{88, 60} \\ 2 \overline{) 28, 30} \\ \underline{28, 15} \\ 3 \overline{) 12, 15} \\ \underline{8, 5} \end{array}$$

$$\text{নির্ণেয় ল.সা.গু.} = 2 \times 2 \times 2 \times 3 \times 8 \times 5 = 840$$

উত্তর : ৮৪০।

(খ) ৩৫, ৪৯, ৯১

সমাধান : $9 \overline{) 35, 49, 91}$

$$5, 7, 13$$

$$\text{নির্ণেয় ল.সা.গু.} = 9 \times 5 \times 7 \times 13 = 315$$

উত্তর : ৩১৫

(গ) ৩৩, ৫৫, ৬০, ৮০, ৯০

সমাধান: $2 \overline{) 33, 55, 60, 80, 90}$

$$\begin{array}{r} 2 \overline{) 33, 55, 60, 80, 90} \\ \underline{33, 55, 30, 40, 45} \\ 3 \overline{) 33, 55, 15, 20, 45} \\ \underline{11, 55, 5, 20, 15} \\ 5 \overline{) 11, 11, 1, 8, 3} \\ \underline{1, 1, 1, 8, 3} \end{array}$$

$$\text{নির্ণেয় ল.সা.গু.} = 2 \times 2 \times 3 \times 5 \times 11 \times 8 \times 3 = 990$$

উত্তর : ৯৯০

প্রশ্ন- ৫ কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ১০০ ও ১৮৪ কে ভাগ করলে প্রত্যেকবার ভাগশেষ ৪ থাকবে?

সমাধান : যেহেতু, বৃহত্তম সংখ্যা দ্বারা ১০০ ও ১৮৪ কে ভাগ করলে প্রত্যেকবার ভাগশেষ ৪ থাকে।

কাজেই, বৃহত্তম সংখ্যাটি হবে, $(100 - 4)$ বা ৯৬ এবং $(184 - 4)$ বা ১৮০ এর নির্ণেয় গ.সা.গু.।

এখন, $96 \overline{) 180(1}$

$$\begin{array}{r} 96 \\ 88)96(1 \\ \underline{88} \\ 8 \end{array}$$

$$\therefore 96 \text{ ও } 180 \text{ এর গ.সা.গু. } 12$$

উত্তর : বৃহত্তম সংখ্যাটি ১২।

প্রশ্ন- ৬ কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ২৭, ৪০ ও ৬৫ কে ভাগ করলে যথাক্রমে ৩, ৪, ৫ ভাগশেষ থাকবে?

সমাধান : যেহেতু, বৃহত্তম সংখ্যাটি দ্বারা ২৭, ৪০ ও ৬৫ কে ভাগ করলে যথাক্রমে ৩, ৪ ও ৫ ভাগশেষ থাকে।



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে
সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ১১

শ্রেণি-ষষ্ঠ

কাজেই বৃহত্তম সংখ্যাটি হবে, $(২৭ - ৩)$ বা ২৪ , $(৪০ - ৪)$ বা, ৩৬ এবং $(৬৫ - ৫) = ৬০$ এর নির্ণয় গ.সা.গু.।

$$\begin{array}{r} ২৪) ৩৬ (১ \\ \underline{২৪} \\ ১২) ২৪ (২ \\ \underline{২৪} \\ ০ \end{array}$$

আবার, $১২) ৬০ (৫$

$$\frac{৬০}{০}$$

∴ ২৪ , ৩৬ , ৬০ এর গ.সা.গু. ১২ ।

উত্তর : বৃহত্তম সংখ্যা ১২ ।

প্রশ্ন- ৭ কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৮ , ১২ , ১৮ এবং ২৪ দ্বারা ভাগ করলে প্রত্যেকবার ভাগশেষ ৫ হবে?

সমাধান : নির্ণয় ক্ষুদ্রতম সংখ্যাকে ৮ , ১২ , ১৮ এবং ২৪ দিয়ে ভাগ করলে প্রত্যেকবারই ৫ ভাগশেষ থাকে।

নির্ণয় ক্ষুদ্রতম সংখ্যাটি হবে ৮ , ১২ , ১৮ ও ২৪ এর ল. সা. গু. অপেক্ষা ৫ বেশি।

$$\begin{array}{r} \text{এখন, } ২ \mid ৮, ১২, ১৮, ২৪ \\ ২ \mid ৪, ৬, ৯, ১২ \\ ২ \mid ২, ৩, ৯, ৬ \\ ৩ \mid ১, ৩, ৯, ৩ \\ ১, ১, ৩, ১ \end{array}$$

∴ ল.সা.গু. = $২ \times ২ \times ২ \times ৩ \times ৩ = ৭২$

নির্ণয় ক্ষুদ্রতম সংখ্যাটি $(৭২ + ৫)$ বা ৭৭ ।

উত্তর : ৭৭ ।

প্রশ্ন- ৮ কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ২০ , ২৫ , ৩০ , ৩৬ এবং ৪৮ দিয়ে ভাগ করলে যথাক্রমে ১৫ , ২০ , ২৫ , ৩১ ও ৪৩ ভাগশেষ থাকবে?

সমাধান : এখানে, $২০ - ১৫ = ৫$; $২৫ - ২০ = ৫$; $৩০ - ২৫ = ৫$; $৩৬ - ৩১ = ৫$ এবং $৪৮ - ৪৩ = ৫$

∴ প্রতিক্ষেত্রে ৫ অবশিষ্ট থাকে।

অতএব, ক্ষুদ্রতম সংখ্যাটি হবে ২০ , ২৫ , ৩০ , ৩৬ ও ৪৮ এর ল.সা.গু. থেকে ৫ কম।

$$\begin{array}{r} ২ \mid ২০, ২৫, ৩০, ৩৬, ৪৮ \\ ২ \mid ১০, ২৫, ১৫, ১৮, ২৪ \\ ৩ \mid ৫, ২৫, ১৫, ৯, ১২ \\ ৫ \mid ৫, ২৫, ৫, ৩, ৪ \\ ১, ৫, ১, ৩, ৪ \end{array}$$

∴ ল. সা. গু. = $২ \times ২ \times ৩ \times ৫ \times ৫ \times ৩ \times ৪ = ৩৬০০$

নির্ণয় ক্ষুদ্রতম সংখ্যাটি $(৩৬০০ - ৫)$ বা ৩৫৯৫ ।

উত্তর : ৩৫৯৫ ।

প্রশ্ন- ৯ একটি লোহার পাত ও একটি তামার পাতের দৈর্ঘ্য যথাক্রমে ৬৭২ সে. মি. ও ৯৬০ সে. মি.। পাত দুইটি থেকে কেটে নেওয়া একই মাপের সবচেয়ে বড় টুকরার দৈর্ঘ্য কত হবে? প্রত্যেক পাতের টুকরার সংখ্যা নির্ণয় কর।

সমাধান : এখানে, পাত দুইটি হতে কেটে নেওয়া একই মাপের সবচেয়ে বড় টুকরার দৈর্ঘ্য হবে লোহার পাত ও তামার পাতের প্রদত্ত দৈর্ঘ্যের নির্ণয় গ.সা.গু.।

∴ প্রক্রিয়ায় ৬৭২ সে. মি. ও ৯৬০ সে. মি. এর গ. সা. গু. নির্ণয় করি।

$$\begin{array}{r} ৬৭২)৯৬০(১ \\ \underline{৬৭২} \\ ২৮৮)৬৭২(২ \\ \underline{৫৭৬} \\ ৯৬)২৮৮(৩ \\ \underline{২৮৮} \\ ০ \end{array}$$

∴ ৬৭২ ও ৯৬০ এর গ.সা.গু. ৯৬ ।

অর্থাৎ, কেটে নেয়া সবচেয়ে বড় টুকরার দৈর্ঘ্য ৯৬ সে.মি.।

∴ লোহার পাতের টুকরার সংখ্যা = $\frac{৬৭২}{৯৬}$ টি বা ৭ টি

এবং তামার পাতের টুকরার সংখ্যা = $\frac{৯৬০}{৯৬}$ টি বা ১০ টি

উত্তর : সবচেয়ে বড় টুকরার দৈর্ঘ্য ৯৬ সে.মি. লোহার পাত ৭ টুকরা; তামার পাত ১০ টুকরা।

প্রশ্ন- ১০ চার অঙ্কের কোন ক্ষুদ্রতম সংখ্যা ১২ , ১৫ , ২০ ও ৩৫ দ্বারা নিঃশেষে বিভাজ্য?

সমাধান : প্রথমে প্রদত্ত ভাজক ১২ , ১৫ , ২০ ও ৩৫ এর ল.সা. গু. নির্ণয় করি।

$$\begin{array}{r} ২ \mid ১২, ১৫, ২০, ৩৫ \\ ২ \mid ৬, ১৫, ১০, ৩৫ \\ ৩ \mid ৩, ১৫, ৫, ৩৫ \\ ৫ \mid ১, ৫, ৫, ৩৫ \\ ১, ১, ১, ৭ \end{array}$$

নির্ণয় ল.সা.গু. = $২ \times ২ \times ৩ \times ৫ \times ৭ = ৪২০$

আমরা জানি, চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ১০০০

সুতরাং ১২ , ১৫ , ২০ ও ৩৫ দ্বারা নিঃশেষে বিভাজ্য চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয়ের জন্য, প্রথমে ৪২০ দ্বারা ১০০০ কে ভাগ করি।

$$\begin{array}{r} ৪২০) ১০০০ (২ \\ \underline{৮৪০} \\ ১৬০ \end{array}$$

দেখা যাচ্ছে ১০০০ সংখ্যাটি ৪২০ দ্বারা বিভাজ্য নয়। এখানে বিভাজ্য সংখ্যাটি হবে ১০০০ হতে ১৬০ কম অথবা ১০০০ হতে $(৪২০ - ১৬০)$ বা ২৬০ বেশি। কিন্তু ১০০০ হতে ১৬০ কম হলে সংখ্যাটি তিন অঙ্কের বিধায় গ্রহণ যোগ্য নয়।

সুতরাং সংখ্যাটি হবে $(১০০০ + ২৬০)$ বা ১২৬০

উত্তর : চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটি ১২৬০ ।

প্রশ্ন- ১১ পাঁচ অঙ্কের কোন বৃহত্তম সংখ্যাকে ১৬ , ২৪ , ৩০ ও ৩৬ দিয়ে ভাগ করলে প্রত্যেকবার ভাগশেষ ১০ হবে?

সমাধান :

$$\begin{array}{r} ২ \mid ১৬, ২৪, ৩০, ৩৬ \\ ২ \mid ৮, ১২, ১৫, ১৮ \\ ২ \mid ৪, ৬, ১৫, ৯ \\ ৩ \mid ২, ৩, ১৫, ৯ \\ ২, ১, ৫, ৩ \end{array}$$

∴ ল.সা.গু. = $২ \times ২ \times ২ \times ৩ \times ২ \times ৫ \times ৩ = ৭২০$

আমরা জানি, পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা ৯৯৯৯৯ ।



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ১২

শ্রেণি-ষষ্ঠ

সুতরাং ৯৯৯৯৯ কে ৭২০ দ্বারা ভাগ করে নিঃশেষে বিভাজ্য সংখ্যা নির্ণয় করি।

$$৭২০ \mid ৯৯৯৯৯ (১৩৮$$

$$\underline{৭২০}$$

$$২৭৯৯$$

$$\underline{২১৬০}$$

$$৬৩৯৯$$

$$\underline{৫৭৬০}$$

$$৬৩৯$$

৯৯৯৯৯ সংখ্যাটি ৭২০ দ্বারা বিভাজ্য নয়। এখানে ৬৩৯ অবশিষ্ট থাকে। ভাজ্য ৯৯৯৯৯ থেকে ৬৩৯ কম হলে প্রাপ্ত সংখ্যাটি ৭২০ দ্বারা বিভাজ্য হবে।

আবার, (৭২০ - ৬৩৯) বা ৮১ বেশি হলেও ৭২০ দ্বারা বিভাজ্য হবে। কিন্তু (৯৯৯৯৯ + ৮১) বা ১০০০৮১ সংখ্যাটি ৬ অঙ্কবিশিষ্ট। যা গ্রহণযোগ্য নয়।

কাজেই নিঃশেষে বিভাজ্য পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা হবে

$$(৯৯৯৯৯ - ৬৩৯) \text{ বা } ৯৯৩৬০।$$

প্রশ্নমতে, প্রত্যেকবার ভাগশেষ ১০ বিদ্যমান থাকে।

$$\therefore \text{ বৃহত্তম সংখ্যাটি } (৯৯৩৬০ + ১০) \text{ বা } ৯৯৩৭০$$

উত্তর : বৃহত্তম সংখ্যা ৯৯৩৭০।

প্রশ্ন- ১২ কোনো বাসস্ট্যাড থেকে ৪টি বাস একটি নির্দিষ্ট সময় পর যথাক্রমে ১০ কি.মি., ২০ কি.মি., ২৪ কি.মি. ও ৩২ কি.মি. পথ অতিক্রম করে। কমপক্ষে কতদূর পথ অতিক্রম করার পর বাস চারটি একত্রে মিলিত হবে?

সমাধান : এখানে নির্ণয় ন্যূনতম দূরত্ব হবে ১০, ২০, ২৪ ও ৩২ কিলোমিটারের ল.সা.গু.।

$$\begin{array}{r} ২ \mid ১০, ২০, ২৪, ৩২ \\ ২ \mid ৫, ১০, ১২, ১৬ \\ ২ \mid ৫, ৫, ৬, ৮ \\ ৫ \mid ৫, ৫, ৩, ৪ \\ \hline ১, ১, ৩, ৪ \end{array}$$

$$\therefore \text{ ল.সা.গু. } = ২ \times ২ \times ২ \times ৫ \times ৩ \times ৪ = ৪৮০$$

উত্তর : ৪৮০ কি. মি. দূরত্ব অতিক্রম করার পর বাস চারটি একত্রে মিলিত হবে।

প্রশ্ন- ১৩ দুইটির সংখ্যার গুণফল ৩৩৮০ এবং গ.সা.গু. ১৩। সংখ্যা দুইটির ল.সা.গু. নির্ণয় কর।

সমাধান : আমরা জানি,

$$\text{দুইটি সংখ্যার গুণফল} = \text{সংখ্যাদ্বয়ের গ.সা.গু.} \times \text{সংখ্যাদ্বয়ের ল.সা.গু.}$$

$$\text{প্রশ্নমতে, সংখ্যা দুইটির গুণফল} = ৩৩৮০$$

$$\text{এবং গ.সা.গু.} = ১৩$$

$$\therefore ১৩ \times \text{ল.সা.গু.} = ৩৩৮০$$

$$\therefore \text{ল.সা.গু.} = \frac{৩৩৮০}{১৩} = ২৬০$$

উত্তর : সংখ্যা দুইটির ল.সা.গু. ২৬০।

■ অনুশীলনী ১.৪ এর প্রশ্ন ও সমাধান



প্রশ্ন ১১ ৥ নিচের ভগ্নাংশ যুগল সমতুল কিনা নির্ধারণ কর :

$$(ক) \frac{৫}{৮}, \frac{১৫}{২৪}$$

সমাধান : আমরা জানি, দুটি ভগ্নাংশ সমতুল হবে যদি প্রথমটির লব ও

দ্বিতীয়টির হরের গুণফল এবং প্রথমটির হর এবং দ্বিতীয়টির লবের গুণফল সমান হয়।

$$\text{প্রথমটির লব} \times \text{দ্বিতীয়টির হর} = ৫ \times ২৪ = ১২০$$

$$\text{প্রথমটির হর} \times \text{দ্বিতীয়টির লব} = ৮ \times ১৫ = ১২০$$

দেখা যাচ্ছে যে, গুণফলদ্বয় পরস্পর সমান।

$$\therefore \frac{৫}{৮}, \frac{১৫}{২৪} \text{ ভগ্নাংশ-যুগল সমতুল।}$$

$$(খ) \frac{৭}{১১}, \frac{১৪}{৩৩}$$

সমাধান : আমরা জানি, দুটি ভগ্নাংশ সমতুল হবে যদি প্রথমটির লব ও দ্বিতীয়টির হরের গুণফল এবং প্রথমটির হর এবং দ্বিতীয়টির লবের গুণফল সমান হয়।

